



বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)

রহমান'স রেগনাম সেন্টার (৭ম, ৮ম ও ৯ম তলা)

১৯১/বি, তেজগাঁও-গুলশান লিঙ্ক রোড, ঢাকা-১২০৮।

www.bsccl.com



মাহিতে
মুজিব
100

আয়কর ও ভ্যাট পরামর্শক নিয়োগের নিমিত্ত আগ্রহ ব্যক্তিকরণের (EOI) জন্য পুনঃবিজ্ঞপ্তি

বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)-এর আয়কর ও ভ্যাট পরামর্শক নিয়োগের নিমিত্ত আগ্রহ ব্যক্তিকরণের (EOI) জন্য নিম্নবর্ণিত যোগ্যতা, অভিজ্ঞতা, সম্মানী ও অন্যান্য শর্তে আয়কর ও ভ্যাট পরামর্শক সেবায় নিয়োজিত আগ্রহী বাংলাদেশী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নস্বাক্ষরকারী বরাবর দরখাস্ত আহবান করা যাচ্ছে। ডাকযোগে প্রেরিত দরখাস্ত আগামী ১৫ই অক্টোবর ২০২০ খ্রি। তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে পৌছাতে হবে। উক্ত সময়ের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি উপস্থিত হয়েও আবেদন জমা দেয়া যাবে।

০১। **আবেদনকারীর যোগ্যতাঃ** আবেদনকারী প্রতিষ্ঠানকে (আবেদন পত্রে প্রস্তাবিত সেবাদানকারী ব্যক্তিসহ) ইনিষ্টিউট অফ চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি) কর্তৃক তালিকাভুক্ত হতে হবে। তাহাত্তো আবেদনকারী প্রতিষ্ঠানের /আবেদন পত্রে প্রস্তাবিত সেবাদানকারী ব্যক্তির আয়কর পেশাজীবী ও ভ্যাট পরামর্শক হিসেবে প্রতিনিধিত্ব করার বিষয়টি অবশ্যই জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ কর্তৃক অনুমোদিত হতে হবে।

০২। **অভিজ্ঞতাঃ**

(ক) আবেদনকারীর (আবেদন পত্রে প্রস্তাবিত সেবাদানকারী ব্যক্তিসহ) আয়কর ও ভ্যাট পরামর্শক হিসেবে ন্যূনতম ০৭ (সাত) বছরের সেবা প্রদান করার অভিজ্ঞতা থাকতে হবে। আবেদনকারীর টেলিকম/ইন্টারনেট/ডাটাকম সেক্টরের কোন প্রতিষ্ঠানের আয়কর ও ভ্যাট পরামর্শক হিসেবে সেবা প্রদান করার অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।

(খ) আবেদনকারীর (আবেদন পত্রে প্রস্তাবিত সেবাদানকারী ব্যক্তিসহ) ন্যূনতম ০৫ কোটি টাকা Disputed Taxable Income মূল্যমানের কর আপিল ট্রাইবুনালের মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।

(গ) আবেদনকারীর (আবেদন পত্রে প্রস্তাবিত সেবাদানকারী ব্যক্তিসহ) স্টক এক্সচেঞ্জ তালিকাভুক্ত কোন কোম্পানির আয়কর ও ভ্যাট পরামর্শক হিসেবে সেবা প্রদান করার অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।

আবেদনকারীকে (আবেদন পত্রে প্রস্তাবিত সেবাদানকারী ব্যক্তিসহ) যোগ্যতা ও অভিজ্ঞতা প্রমাণের নিমিত্ত প্রয়োজনীয় সনদ ও অন্যান্য দলিলের ফটোকপি অবশ্যই আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৩। **সম্মানীঃ** চূড়ান্তভাবে নির্বাচিত সেবা প্রদানকারী বিএসসিসিএল-এর অনুমোদিত সিডিউল অনুযায়ী নির্ধারিত হারে (প্রযোজ্য আয়কর কর্তনের পর) সম্মানী প্রাপ্ত হবেন।

০৪। চুক্তির মেয়াদঃ প্রাথমিকভাবে ০২ (দুই) বছর। প্রয়োজনে উভয় পক্ষের আলোচনা ও সম্মতিক্রমে নবায়নযোগ্য তবে ০৩ (তিনি) মাসের অধিম নোটিশ প্রদান করে যে কোন পক্ষ চুক্তির অবসান ঘটাতে পারবে। তবে কোন পক্ষ কর্তৃক চুক্তির শর্ত ভঙ্গের কারণে চুক্তির অবসানের ক্ষেত্রে এরূপ নোটিশ পি঱িয়ড প্রযোজ্য হবে না।

০৫। আগ্রহী আয়কর উপদেষ্টা ও ভ্যাট পরামর্শক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাইয়ের পর প্রতিষ্ঠান ও প্রস্তাবিত সেবা প্রদানকারী ব্যক্তির বাস্তব অভিজ্ঞতা, শিক্ষাগত যোগ্যতার ও পেশাগত দক্ষতার ভিত্তিতে সর্কোচ ৫ জনের একটি সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হবে। কোন আবেদনকারীর উপরোক্ত ক্রমিক নং-১ এ চাহিত যোগ্যতা না থাকলে তার আবেদন বিবেচনা করা হবে না। সংক্ষিপ্ত তালিকাভুক্ত আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদানকারীকে বিএসসিসিএলের প্রস্তাৰ মূল্যায়ন কমিটি কর্তৃক সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হবে। সাক্ষাৎকারোত্তর কোম্পানির আয়কর ও ভ্যাট পরামর্শক হিসেবে নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের যোগ্যতাভিত্তিক মেধা তালিকা প্রস্তুতকরণঃ মেধা তালিকার ১ম স্থানের প্রতিষ্ঠানকে কোম্পানির নির্ধারিত শর্ত ও দরে কাজ করার নিমিত্ত চুক্তিবদ্ধ হওয়ার জন্য আমন্ত্রণ জানানো হবে। মেধা তালিকার ১ম স্থানের প্রতিষ্ঠানের সাথে সমরোধো ও চুক্তি সম্ভব না হলে ক্রমায়ে পরের অবস্থানের প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের জন্য আমন্ত্রণ জানানো হবে। উল্লেখ্য যে, সাক্ষাৎকারে অবস্থান হওয়ার জন্য কোন ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।

বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত অথবা সকল দরখাস্ত গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করে। অসম্পূর্ণ প্রত্যাশিত প্রমাণক সংযুক্ত করা হয়নি এরূপ আবেদন বাতিল মর্মে বিবেচিত হবে। বিএসসিসিএল কর্তৃপক্ষ আবেদনকারীগণের নিকট ব্যাখ্যা/প্রমাণক ও নতুন তথ্য প্রদানের জন্য অনুরোধ করার ক্ষমতা সংরক্ষণ করে। আয়কর ও ভ্যাট পরামর্শক নিয়োগের বিষয়ে কোম্পানির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

[বিঃ দ্রঃ বিস্তারিত কার্যপরিধিসহ নিয়োগ সংক্রান্ত অন্যান্য তথ্য ও শর্তাবলী বিএসসিসিএল -এর ওয়েবসাইটে (www.bsccl.com) পাওয়া যাবে।]

১০/১০/২০২০

(প্রত্যাস চন্দ্ৰ ভট্টাচার্য)

উপ-মহাব্যবস্থাপক (সংগ্রহ ও সেবা)
বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)
ফোন- ৮৮৭৯১৯৪ (অফিস)